# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 15-06-2025 Time: 7.50 P.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) বিভিন্ন অনিয়মের অভিযোগের প্রেক্ষিতে বেসরকারী হাসপাতাল ও নার্সিং হোমগুলিকে নিয়ন্ত্রণের উদ্দেশ্যে রাজ্য সরকার আগামীকাল বিধানসভায় দি ওয়েস্ট বেঙ্গল ক্লিনিক্যাল এস্টাবলিশমেন্ট অ্যামেন্ডমেন্ট বিল-২০২৫ পেশ করতে চলেছে।

২) স্কুল সার্ভিস কমিশনের সহকারী শিক্ষক নিয়োগের পরীক্ষা অন লাইনে আবেদন জানানোর প্রক্রিয়া আগামীকাল বিকেল পাঁচটা থেকে শুরু হবে। চলবে ১4-ই জুলাই পর্যন্ত।

চাকরিহারা শিক্ষকদের একটি সংগঠন জানিয়েছে, তারা আবেদন করবেন না। রিভিউ পিটিশনের মাধ্যমে তারা চাকরি ফেরানোর দাবি জানিয়েছেন।

এদিকে, বিকাশভবনের কাছে অনশনরত চাকরিহারা যোগ্য শিক্ষকদের মধ্যে অসুস্থ পাঁচজনকে হাসপাতালে ভর্তি করা হয়ে।

৩) মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী পুনের কাছে ইন্দ্রায়নী নদীর সেতু ভেঙে বেশ কয়েকজনের নিখোঁজের ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন।

৪) কালিগঞ্জ বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনের প্রস্তুতি ও নিরাপত্তা ব্যবস্থা খতিয়ে দেখতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক আজ কৃষ্ণনগর গেছেন।

৫) দক্ষিণবঙ্গে আগামী মঙ্গল-বুধবারের মধ্যে বর্ষা প্রবেশ করতে পারে বলে আবহাওয়া দফতর পূর্বাভাষ দিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

স্বাস্থ্য সাথী কার্ড, চিকিৎসা বিল সহ বিভিন্ন ক্ষেত্রে একাধিক অনিয়মের অভিযোগ জমা পড়ায় স্বাস্থ্য কমিশনের সুপারিশের ভিত্তিতে রাজ্য সরকার এই সংক্রান্ত আইন সংশোধনের সিদ্ধান্ত নিয়েছে। বেসরকারি হাসপাতাল ও নার্সিংহোমগুলিকে নিয়ন্ত্রণের উদ্দেশ্যে আরও কঠোর বিধি আনতে আগামীকাল বিধানসভায় দি ওয়েস্ট বেঙ্গল ক্লিনিক্যাল এস্টাবলিশমেন্ট সংশোধনী বিল-২০২৫ উত্থাপন করা হবে। এরপরে আগামী দুই দিন এই বিলের উপরে দেড় ঘন্টা করে মোট তিন ঘন্টা আলোচনার কর্মসূচী রয়েছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীও আলোচনায় অংশ নিতে পারেন বলে জানা গিয়েছে।

আগামীকাল দ্বিতীয়ার্ধে আলোচনা শুরুর আগে মুখ্যমন্ত্রীর পৌরোহিত্যে বিধানসভায় রাজ্য মন্ত্রিসভার বৈঠক ডাকা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

স্কুল সার্ভিস কমিশনের নবম-দশম ও একাদশ-দ্বাদশ শ্রেণির সহকারী শিক্ষক নিয়োগের পরীক্ষার অনলাইন আবেদন জানানোর প্রক্রিয়া আগামীকাল বিকেল পাঁচটা থেকে শুরু হবে। আবেদন জানানোর শেষ তারিখ ১৪ জুলাই বিকেল পাঁচটা পর্যন্ত।

সেপ্টেম্বর মাসের প্রথম সপ্তাহে লিখিত পরীক্ষা হবে। ফল প্রকাশিত হবে অক্টোবর মাসের চতুর্থ সপ্তাহে। ইন্টারভিউয়ের সম্ভাব্য সময় নভেম্বর মাসের প্রথম থেকে তৃতীয় সপ্তাহ পর্যন্ত। প্যানেল প্রকাশিত হবে ২৪ শে নভেম্বর। কাউন্সেলিং শুরু হবে ২৯ শে নভেম্বর থেকে। সাধারণ এবং ওবিসি শ্রেণিভুক্ত পরীক্ষার্থীদের আবেদনের ফি ৫০০ টাকা এবং তফসিলি জাতি, উপজাতি, বিশেষভাবে সক্ষম পরীক্ষার্থীদের জন্য ফি ধার্য হয়েছে ২০০ টাকা।

উল্লেখ্য, সুপ্রিম কোর্টের নির্দেশ মেনে স্কুল সার্ভিস কমিশন শিক্ষক নিয়োগের জন্য গত ৩০-মে বিজ্ঞপ্তি প্রকাশ করে। নবম-দশমে ২৩ হাজার ২১২ এবং একাদশ-দ্বাদশে ১২ হাজার ৫১৪ শূন্যপদে শিক্ষক নিয়োগ করা হবে বলে জানা গেছে।
এদিকে, বিকাশ ভবনের কাছে যোগ্য চাকরিহারা শিক্ষকদের অনশনের আজ তৃতীয় দিন। অনশনরত পাঁচ শিক্ষক আজ অসুস্থ হয়ে পড়ায় তাঁদের হাসপাতালে ভর্তি করা হয়েছে। এরা হলেন বলরাম ঘোষ, চিন্ময় মণ্ডল, সুকুমার সরেন, বিকাশ রায় এবং অচিন্ত্যকুমার দাস।

এদিকে, চাকরি ফেরানোর দাবি সম্পর্কে সরকারের তরফের কোনো ইতিবাচক পদক্ষেপ না দেখতে পাওয়ায় ১০ জন শিক্ষক-শিক্ষিকা বৃহস্পতিবার রাত থেকে সেন্ট্রাল পার্কের সামনে অনশন শুরু করেন।

অন্যদিকে, যোগ্য শিক্ষক-শিক্ষিকা অধিকার মঞ্চের আহ্বায়ক মেহেবুব মন্ডল জানিয়েছেন আগামীকাল থেকে এসএসসির পরীক্ষার অনলাইন আবেদন শুরু হলেও তাঁরা আবেদন করবেন না। রিভিউ পিটিশনের মাধ্যমে চাকরি ফেরানোর দাবি জানিয়েছেন তাঁরা। সেই সঙ্গে অযোগ্যদের তালিকা প্রকাশেরও তাঁরা দাবি জানান তারা।

oooooooooooooooooooooooo

যোগ্যদের চাকরিতে পুনর্বহাল এবং এসএসসির পরীক্ষার বিজ্ঞপ্তি প্রত্যাহারের দাবিতে আগামীকাল বিধানসভা অভিযানের ডাক দিয়েছে চাকরিহারা শিক্ষকদের একটি সংগঠন। বেলা বারোটা নাগাদ সুবোধ মল্লিক স্কোয়্যার থেকে মিছিল শুরু করে বিধানসভার দিকে যাবেন তাঁরা।

সংগঠনের তরফে সুমন বিশ্বাস বলেন, ২০১৬-র প্যানেলে থাকা যোগ্যদের সসম্মানে চাকরিতে পুনর্বহাল করতে হবে। ২২ লক্ষ OMR শিটের মিরর ইমেজ প্রকাশেরও দাবি জানিয়েছেন তাঁরা।

এদিকে, পশ্চিমবঙ্গ বঞ্চিত চাকরিপ্রার্থী, চাকরিজীবী ও চাকরিহারা ঐক্যমঞ্চ আগামীকাল বিধানসভা অভিযানে যোগ দেবে। মঞ্চের আহ্বায়ক শুভদীপ ভৌমিক, বিধানসভার জরুরি অধিবেশন ডেকে অবিলম্বে যোগ্যদের চাকরি ফেরানোর দাবি জানিয়েছেন।

oooooooooooooooooooooo

বাঁকুড়ায় নতুনগঞ্জে বিজেপির জেলা কার্যালয়ে পুলিশের বিরুদ্ধে ভাঙচুর চালানোর অভিযোগকে কেন্দ্র করে আজ সকাল থেকেই উত্তেজনা ছড়ায়। বাঁকুড়া সদর থানার আই সি বিশাল পুলিশ বাহিনী নিয়ে গতরাতে কার্যালয়ের দরজার তালা ভেঙে নথিপত্র তছনছ ও ভাঙচুর চালান বলে অভিযোগ। প্রতিবাদে বিজেপির কর্মী সমর্থকরা জেলা সদর কার্যালয় থেকে মিছিল করে বাঁকুড়া সদর থানা ঘেরাও ও থানার সামনে পথ অবরোধ করেন।

এদিকে, এই ঘটনায় পুলিশের বিরুদ্ধে আইনী ব্যবস্থা নিতে চলেছে বিজেপি। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার আজ কলকাতায় সাংবাদিক বৈঠকে, পরোয়ানা ছাড়া একটি রাজনৈতিক

দলের কার্যালয়ে পুলিশ কিভাবে প্রবেশ করে তা নিয়ে প্রশ্ন তোলেন। থানা এ নিয়ে এফ আই আর না নিলে বিজেপি-র জেলা নেতৃত্বকে আদালতে যাওয়ার নির্দেশ দেওয়া হয়েছে বলে শ্রী মজুমদার উল্লেখ করেন।

(বাইট – সুকান্ত)

০০০০০০০০০০০০০০০০০০

মহারাষ্ট্রের পুনের কাছে ইন্দ্রায়নী নদীর উপরে আজ বিকালে সেতু ভেঙে বেশ কিছু মানুষের হতাহতের আশঙ্কায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী সমাজমাধ্যমে শোক প্রকাশ করেছেন। এক্সহ্যান্ডেল -এ তিনি সেতু ভাঙার ঘটনায় এখনও অনেকে নিখোঁজ বলে উল্লেখ করেছেন।

সম্প্রতি রেল, বিমানের পরে আজকের এই সড়ক দুর্ঘটনায় নিহতদের পরিবারের প্রতি গভীর সমবেদনা প্রকাশের পাশাপাশি মুখ্যমন্ত্রী আহতদের দ্রুত আরোগ্য কামনা করেছেন।

উল্লেখ্য, মহারাষ্ট্রে, পুনের কাছে মাভাল তালুকে ইন্দ্রায়ণী নদীর উপর আজ দুপুরে একটি পুরনো সেতু ভেঙে পড়ে। প্রায় ২৫ থেকে ৩০ জন পর্যটক নদীতে ডুবে যাওয়ার আশঙ্কা করা হচ্ছে। তালেগাঁও দাভারে শহরের কাছে অবস্থিত একটি সুপরিচিত পর্যটন কেন্দ্র কুন্ডমালায় এই দুর্ঘটনা ঘটেছে। রবিবার হওয়ায়, সেখানে প্রচুর পর্যটকের ভিড় ছিল। অনেক পর্যটক সেতুর উপর দাঁড়িয়ে ছিলেন। হঠাৎই সেতুটি ভেঙে পড়লে অনেকেই সরাসরি নদীতে পড়ে যান। গত দু দিন ধরে মাভাল অঞ্চলে ভারী বৃষ্টিপাত হচ্ছে। স্থানীয় প্রশাসন, দমকল বাহিনী এবং জাতীয় দুর্যোগ মোকাবেলা বাহিনী (এনডিআরএফ)উদ্ধার অভিযান শুরু করেছে।

০০০০০০০০০০০০০০০০০

রবীন্দ্র সরোবর লেকে সাঁতার কাটতে গিয়ে আজ সকালে ১৬ বছর বয়সী এক কিশোরের জলে ডুবে মৃত্যু হয়েছে। শিবরাম সাহু নামে বালিগঞ্জ প্লেসের বাসিন্দা ওই কিশোর প্রতিদিনের মতো আজও বন্ধুদের সঙ্গে সাঁতারে যাওয়ার পর এই বিপত্তি ঘটে।

এদিকে, প্রদেশ কংগ্রেসের রাজ্য সাধারণ সম্পাদক আশুতোষ চ্যাটার্জী এই ঘটনার দায় কে নেবে, সেই প্রশ্ন তুলেছেন। রবীন্দ্র সরোবর লেকে নজরদারির অভাবেই এই দুর্ঘটনা বলে তাঁর অভিযোগ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

নদীয়ার কালিগঞ্জ বিধানসভা কেন্দ্রের উপ নির্বাচনে ১৯-শে জুনের ভোট গ্রহণের প্রস্তুতি খতিয়ে দেখতে মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়ালের নেতৃত্বে দফতরের এক প্রতিনিধি দল দু-দিনের সফরে আজ কৃষ্ণনগর পৌঁছেছেন। এই দলে শ্রী আগরওয়াল ছাড়াও অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক বিজিত ধর, উপ মুখ্য নির্বাচনী আধিকারিক ডক্টর সুমন্ত রায় সহ অন্য আধিকারিকরা রয়েছেন। আজ সন্ধ্যায় মুখ্য নির্বাচনী আধিকারিক, নদীয়ার জেলাশাসক তথা জেলা নির্বাচনী আধিকারিক S অরুণ প্রসাদ সহ নির্বাচনের কাজে যুক্ত সংশ্লিষ্ট আধিকারিকদের সঙ্গে, উপ-নির্বাচনের প্রস্তুতি পর্ব নিয়ে পর্যালোচনা বৈঠক করেন। আগামীকাল সকালে উপ-নির্বাচনের নিরাপত্তা ব্যবস্থা নিয়ে কালিগঞ্জ বিডিও অফিসে পুলিশ প্রশাসন ও নিরাপত্তা আধিকারিদের সঙ্গে শ্রী আগরওয়াল বৈঠকে বসবেন। পরে তিনি ভোটগ্রহণ কেন্দ্রগুলি পরিদর্শনের পাশাপাশি ভোটারদের সঙ্গেও কথা বলবেন বলে দফতর সূত্রে খবর।

oooooooooooooooooooooooo

কালিগঞ্জ বিধানসভা কেন্দ্রে উপনির্বাচনে প্রচারের আজ শেষ রবিবার। তৃনমূল কংগ্রেস, বিজেপি ও বাম-কংগ্রেস প্রার্থীরা বাড়ি বাড়ি গিয়ে প্রচার সারেন।

আগামী ১৯ জুন ওই কেন্দ্রে ভোটগ্রহণ। গণনা ২৩ শে জুন।

oooooooooooooooooooooooo

দক্ষিণবঙ্গে আগামী ১৭/১৮-ই জুনের মধ্যে বর্ষা প্রবেশ করতে পারে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ সোমনাথ দত্ত জানিয়েছেন।

উত্তরবঙ্গের সমস্ত জেলায় বিক্ষিপ্তভাবে বৃষ্টির পূর্বাভাষ। কলকাতা সহ দক্ষিণবঙ্গের জেলাগুলিতেও বাড়বে বৃষ্টির পরিমাণ।

(বাইট – সোমনাথ)

দক্ষিণ ২৪ পরগনা এবং পূর্ব মেদিনীপুর জেলায় আজ কোথাও কোথাও বজ্র বিদ্যুৎ সহ ভারী থেকে অতি ভারী বৃষ্টি হতে পারে ।

oooooooooooooooooooo

জুনের মাঝামাঝি থেকে সেপ্টেম্বরের মাঝামাঝি পর্যন্ত প্রতিবারের মত এবারও প্রকৃতির স্বার্থেই উত্তরবঙ্গে জঙ্গলের দরজা বন্ধ থাকবে পর্যটকদের জন্য। আগামীকাল থেকেই বন্ধ হতে চলেছে জঙ্গল সাফারি ।

(একটি প্রতিবেদন- ভিসি কাশফিন)

oooooooooooooooooooooo

oooooooooooooooooooo

oooooooooooooooooooooo